যুগান্তর

তারিখ 10 FEB 2015
পৃষ্ঠা ২ কলাম ৫

# জবিতে ছাত্রদলের ধর্মঘটের ডাক

যুগান্তর রিপোর্ট

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পর এবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অনির্দিষ্টকালের জন্য ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে ছাত্রদল। সোমবার সন্ধ্যায় জবি শাখা ছাত্রদলের সভাপতি ফয়সাল আহমেদ সজল ও সাধারণ সম্পাদক ওমর ফারুক মুন্না এক যৌথ বিবৃতিতে এ কর্মসূচি ঘোষণা করেন। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে সব শিক্ষার্থীর সহাবস্থান নিশ্চিত করা এবং ভিসি ড. মিজানুর রহমানের পদত্যাগের দাবিতে আজ থেকে এ কর্মসূচির ডাক দেয়া হয়েছে। বিবৃতিতে ছাত্রদল নেতারা অভিযোগ করেন, ছাত্রলীগের আস্তাবহ এবং যুবলীগের প্রেসিডিয়াম সদস্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভিসি ছাত্রলীগের সন্ত্রাসী কর্মকাণ্ডের প্রধান পৃষ্ঠপোষক। দেশের অন্যতম গুরুত্বপূর্ণ এ বিদ্যাপীঠকে তিনি একটি দলীয় সংগঠনের কার্যালয়ের মতো পরিচালনা করছেন। তিনি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পবিত্রতা নষ্ট করে সন্ত্রাসী, খুনি, চাঁদাবাজ, টেন্ডারবাজ ও ধর্ষকদের অভয়ারণ্যে পরিণত করেছেন। আমরা সব ছাত্রছাত্রীদের সঙ্গে নিয়ে দীর্ঘদিন এ অন্যায় ও অবিচারের প্রতিবাদ করে আসছি। কিন্তু বিশ্ববিদ্যালয় প্রশাসন আমাদের ন্যায্য ও যৌক্তিক দাবিকে গুরুত্ব দিচ্ছে না। বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ের সব শিক্ষার্থীকে ধর্মঘটে একাত্মতা প্রকাশ করার জন্য আহ্বান জানানো হয়েছে।

**প্রতিহতের ঘোষণা ছাত্রলীগের :** জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের ডাকা ধর্মঘট প্রতিহত করার ঘোষণা দিয়েছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ। সোমবার সন্ধ্যায় ছাত্রদলের কর্মসূচি ঘোষণার পরিপ্রেক্ষিতে ছাত্রলীগ সভাপতি এফএম শরিফুল ইসলাম এক বিবৃতিতে তা প্রতিহতের ঘোষণা দেন। বিবৃতিতে বলা হয়েছে, ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে সারা দেশে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সুনাম রয়েছে। সেই সুনাম নষ্ট করতে ও বিশ্ববিদ্যালয় অস্থিতিশীল করতে অছাত্রদের নিয়ে গঠিত ছাত্রদল ধর্মঘটের ডাক দিয়েছে। ছাত্রদলের এ ধর্মঘটকে সাধারণ শিক্ষার্থীদের সঙ্গে নিয়ে প্রতিহত করবে ছাত্রলীগ। ছাত্রদলের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মীজানুর রহমানের পদত্যাগের দাবির নিন্দা জানায় জবি ছাত্রলীগ।